ভোরের কাগজ

03

তারিখ ... ... JAN. 0 4.2000 ...
পৃষ্ঠা 7 ... কলাম 2 ...

# পাঠ্যপুস্তক বোর্ডে দুর্নীতির দায়ে দুই কর্মকর্তাকে কারাগারে প্রেরণ

আদালত প্রতিবেদক : পাঠ্যপুস্তক বোর্ডে দুর্নীতির অভিযোগে দায়েরকৃত মামলায় দুজন কর্মকর্তাকে জেলহাজতে পাঠানো হয়েছে।

গতকাল সোমবার এ মামলায় সাতজন আসামির মধ্যে স্টোরকিপার আব্দুল মান্নান ও অপর কর্মকর্তা আব্দুল কুদ্দুস ঢাকা মহানগর হাকিম শহীদুল ইসলামের আদালতে হাজির হয়ে আত্মসমর্পণপূর্বক জামিনের আবেদন করলে আদালত আবেদন নামঞ্জুর করে আসামিদের জেলহাজতে পাঠানোর নির্দেশ দেন।

প্রসঙ্গত, দুর্নীতি দমন ব্যুরো মতিঝিল থানায় ১২ কোটি টাকা আত্মসাতের

● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৪

## পাঠ্যপুস্তক

● প্রথম পাতার পর

অভিযোগে ১২ জনের বিরুদ্ধে এবং ৩২ লাখ টাকা আত্মসাতের অভিযোগে সাতজনের বিরুদ্ধে দুটি পৃথক মামলা দায়ের করে।

গতকাল মতিঝিল থানার ১৯৭(১২)৯৯ মামলায় আসামিদের জেলহাজতে পাঠানো হয়। এ মামলার অভিযোগে বলা হয়, টেন্ডারে ঘাপলা করে আসামিরা পরস্পরের যোগসাজশে দুর্নীতির মাধ্যমে সরকারকে ৩২ লাখ টাকার ক্ষতির সম্মুখীন করে এবং অভিযুক্তরা আর্থিকভাবে লাভবান হয়।